

## 💵 স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ কাযা নামায রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## এশার জামাআতে মাগরেবের নামায

মাগরেব কাযা রেখে কেউ মসজিদে এলে এবং এশার জামাআত শুরু দেখলে সে মাগরেবের কাযা আদায় করার নিয়তে শামিল হবে। অতঃপর তার তিন রাকআত পড়া হলে বসে যাবে। ইমাম তাশাহ্হুদে বসলে তার সঙ্গে তাশাহ্হুদ আদি পড়ে ইমামের সাথে সালাম ফিরবে। (ইবনে বায, কিদারেমী, সুনান ৯৬পৃ:)

পক্ষান্তরে ইমামের এক রাকআত হয়ে যাওয়ার পর জামাআতে শামিল হলে ইমামের সাথেই সালাম ফিরলে ৩ রাকআত মাগরেবের কাযা আদায় হয়ে যাবে। অতঃপর উঠে একাকী এশার নামায পড়বে। অথবা অন্য লোক থাকলে দ্বিতীয় জামাআতে পড়ে নেবে।

অনুরুপভাবে কেউ আসরের নামায কাযা রেখে মসজিদে এসে মাগরেবের জামাআত খাড়া দেখলে আসর কাযা পড়ার নিয়তে শামিল হবে। অতঃপর ইমাম সালাম ফিরলে সে আর এক রাকআত উঠে পূর্ণ ৪ রাকআত আসরের নামায আদায় করে নেবে। (ফাতাওয়া ইসলামিয়্যাহ্, সউদী উলামা-কমিটি ১/৩১০) পরে একাকী অথবা দ্বিতীয় জামাআতে মাগরেব পড়বে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2932

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন